# পরিচালকমন্ডলীর প্রতিবেদন
# ২০১৪-২০১৫

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

পরিচালনা পর্ষদ আনন্দের সাথে কোম্পানী আইন ১৯৯৪ এর ১৮৪ নং পরিচ্ছেদ, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন রুলস্ ১৯৮৭ এর ১২ নং বিধি এবং ৭ই আগষ্ট, ২০১২ তারিখে বিএসইসি এর নোটিফিকেশন অনুসারে কোম্পানীর ৩০শে জুন, ২০১৫ তারিখে সমাপ্ত আর্থিক বৎসরের বার্ষিক প্রতিবেদন, আর্থিক বিবরণী ও নিরীক্ষকের প্রতিবেদন সম্মানীত শেয়ারহোল্ডারবৃন্দের সদয় বিবেচনা ও অনুমোদনের জন্য পেশ করছে। প্রতিবেদনে কোম্পানীর সার্বিক কার্যক্রম, দেশীয় ও আন্তর্জাতিক অর্থনৈতিক, রাজনৈতিক প্রেক্ষাপট সংক্ষিপ্তভাবে নিম্নে উপস্থাপন করা হল ঃ

**১। ব্যবসার সার্বিক অবস্থা ও সম্ভাব্য ভবিষ্যৎ পরিস্থিতি ঃ**

সর্বপ্রথম শুকরিয়া আদায় করছি সর্বশক্তিমান আল্লাহর দরবারে আমাদের সার্বিক কার্যক্রম ও এর সফলতার জন্য। আল্লাহর অশেষ রহমতে ২০১৪-২০১৫ অর্থ বছরে কোম্পানীর চলমান উৎপাদনের পরিমাণ ও মান সংরক্ষণে ব্যাপক কার্যক্রম পরিচালিত হয়েছে, পাশাপাশি যন্ত্রাংশ সংযোজন, রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

আপনারা অবগত রয়েছেন যে, কাগজ শিল্প ২০০৯-২০১০ সাল পর্যন্ত ধারাবাহিক প্রবৃদ্ধি অর্জন করে পরবর্তীতে এই শিল্প বিভিন্ন ক্ষেত্রে বাধাবিঘ্নের সম্মুখীন হয়। বিশ্ব অর্থনীতিতে মন্দা, পুঁজিবাজারে ধ্বস, তারল্য সংকট এবং গ্যাস ও বিদ্যুৎ সরবরাহে প্রবল অনিশ্চয়তার কারণে এই শিল্প ভীষণভাবে ক্ষতিগ্রস্থ হয় এবং এর মধ্য দিয়েও আপনাদের এই প্রতিষ্ঠান সফলতার সহিত উৎপাদন কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

২০১৪ সালের ৫ই জানুয়ারীর নির্বাচন পরবর্তী সহিংসতা, রাজনৈতিক অস্থিরতা, প্রচন্ড বিদ্যুৎ বিভ্রাট এবং গ্যাস সরবরাহের প্রবল স্বল্পতার কারনে ২০১৪-২০১৫ সালে কাংখিত লক্ষ্য অর্জনে আমরা বিশাল প্রতিবন্ধকতার সম্মুখীন হয়েছিলাম। ফলে ২০১৪-২০১৫ অর্থ বৎসরে উৎপাদন ক্ষমতার পূর্ণ ব্যবহার সম্ভব হয়নি এবং ক্রেতাদের নিকট যথাযথ পণ্য সরবরাহ করা যায়নি। আশার বিষয় এই যে, আপনাদের এই প্রতিষ্ঠান গত বৎসরের ন্যায় এবারও বাংলাদেশ টেক্সট বুক বোর্ড কর্তৃক আহবানকৃত টেন্ডারে অংশগ্রহণ করে সরাসরি ১০০০ মেঃ টন রাইটিং প্রিন্টিং কাগজ সরবরাহের ক্রয়াদেশ পেয়েছে। এছাড়াও বাংলাদেশ টেক্সট বুক বোর্ড হতে ক্রয়াদেশপ্রাপ্ত অন্যান্য কিছু প্রতিষ্ঠান থেকেও পণ্য সরবরাহের ক্রয়াদেশ পেয়েছে।

সম্প্রতি এই শিল্পের অনেক প্রতিযোগী বাজারে প্রবেশ করেছে। ফলে প্রতিযোগিতামূলক বাজারে অত্র প্রতিষ্ঠানের অবস্থান ধরে রাখার জন্য উন্নতমানের পণ্য উৎপাদনের স্বার্থে প্রচুর পরিমাণে বৈদেশিক কাঁচামাল আমদানী করা হয়। পাশাপাশি শ্রমিক-কর্মচারীদের বেতন ও মজুরী, অতিরিক্ত সময়ের কাজের মজুরী, বিভিন্ন খুচরা যন্ত্রাংশ ক্রয়, মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয়, বহিঃ পরিবহন বাবদ প্রচুর অর্থ ব্যয় করতে হয়। অন্যদিকে পণ্যের মূল্য কমিয়ে এবং ক্রেতাকে বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান, যেমন, বিক্রয় কমিশন ও বিজ্ঞাপন খরচ বাবদ অতিরিক্ত অর্থ ব্যয় করতে হয়েছে। পাশাপাশি প্রতিষ্ঠানের বিভিন্ন স্থায়ী সম্পদ ক্রয় এবং সংযোজনের বিপরীতে প্রচুর অর্থ ব্যয় করতে হয়েছে। ফলে প্রতিষ্ঠানকে কিছু স্বল্পমেয়াদী ঋণের উপর নির্ভরশীল হতে হয় এবং ঋণের বিপরীতে ব্যাংক সুদ বাবদ খরচ বৃদ্ধি পায়। বিভিন্ন প্রতিকূল অবস্থা সত্ত্বেও আপনাদের এই প্রতিষ্ঠানের উৎপাদন, বিক্রয়, নেট এসেট ভেল্যু এবং নীট মুনাফা বিগত বৎসরের তুলনায় বৃদ্ধি পেয়েছে।

এই অবস্থায় বাজারের চাহিদা পূরণকল্পে উৎপাদন ব্যবস্থাকে গতিশীল রাখার পাশাপাশি পণ্যের মান বৃদ্ধির জন্য বিভিন্ন খুচরা যন্ত্রাংশ সংযোজন করতে হয়েছে। ইতোমধ্যে অত্র প্রতিষ্ঠান পণ্য বহুমুখীকরণের পদক্ষেপ গ্রহণ করেছে। এমতাবস্থায় পরিচালনা পর্ষদ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি, মুনাফা অর্জন ক্ষমতা বৃদ্ধি এবং বাজারে অত্র প্রতিষ্ঠানের পণ্যের ভাল অবস্থান তৈরীকল্পে Balancing Modernization Rehibilitation and Extension (BMRE) প্রকল্প অনুমোদন করেছে এবং এর পরিপ্রেক্ষিতে সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা প্রকল্প ঋণ মঞ্জুর করেছে।

পণ্য বহুমুখীকরণের উদ্দেশ্যে আপনাদের এই প্রতিষ্ঠান বর্তমানে উৎপাদিত নিউজপ্রিন্ট এবং রাইটিং প্রিন্টিং কাগজের পাশাপাশি অফসেট, গ্লোসি এবং উন্নতমানের রাইটিং প্রিন্টিং এবং নিউজপ্রিন্ট কাগজ উৎপাদনের জন্য আর একটি প্রোডাক্ট লাইন সংযোজনের উদ্যোগ গ্রহণ করেছে। পাশাপাশি বাজারের চাহিদা পূরণ, লাভজনকতা বৃদ্ধি, উৎপাদন ক্ষমতার যথাযথ ব্যবহার এবং সর্বোপরি বাজারে অত্র প্রতিষ্ঠানের একটি শক্ত অবস্থান তৈরীকল্পে বিভিন্ন টিস্যু পেপার উৎপাদনের জন্য একটি টিস্যু প্রকল্প স্থাপনের উদ্যোগ নিয়েছে। আশা করি উক্ত প্রকল্প সমূহ যথাযথভাবে সংযোজন এবং সফলভাবে স্থাপন সম্পন্ন হলে আপনাদের এই প্রতিষ্ঠানের মুনাফা অর্জন ক্ষমতা অনেকাংশে বৃদ্ধি পাবে এবং বাজারে পণ্যের একটি শক্ত অবস্থান তৈরীতে সক্ষম হবে।

আমাদের সর্বাত্মক নিরলস পরিশ্রম, মেধা ও সময়ে সময়ে গৃহীত সঠিক ও বাস্তবসম্মত সিদ্ধান্ত এবং সর্বোপরি আপনাদের সার্বিক সহযোগীতায় আপনাদের প্রতিষ্ঠান ২০১৪-২০১৫ অর্থ বৎসরে শেয়ার প্রতি ০.৪৫ টাকা আয় অর্জন করতে সক্ষম হয়েছে যা বিগত অর্থ বৎসরের তুলনায় শেয়ার প্রতি ০.০৫ টাকা বেশি।

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দকে প্রত্যয়ের সাথে আমরা জানাতে চাই যে, ইনশাআল্লাহ আগামীতে আপনাদের প্রিয় এই প্রতিষ্ঠান উৎপাদন আরো বৃদ্ধি করে বাজারে নিজেদের অবস্থান সম্প্রসারণে সর্বময় ক্ষমতা ও দক্ষতা বিনিয়োজিত করবে যাতে কাম্য মুনাফা অর্জিত হয় এবং আরো আশা করছি, দেশের আভ্যন্তরীণ রাজনৈতিক স্থিতিশীলতা বজায় থাকবে, অর্থনৈতিক নীতিমালা ও ব্যবসায়ের অন্যান্য উপাদানগুলো বাস্তব পরিস্থিতির ভিত্তিতে সুবিন্যস্ত হবে। সর্বোপরি পরিবেশ পরিবর্তনের ভয়াবহ অবস্থানে আমরা সঠিকভাবে পরিবেশ রক্ষায় সচেতন হয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করব। আল্লাহ আমাদের সকল ভাল কাজে সহায় হউন।

**২। বিক্রয় কার্যক্রম ঃ**

২০১৪-২০১৫ অর্থ বছরে বিপণন ব্যবস্থা ছিল সর্বোচ্চ চ্যালেঞ্জের সম্মুখীন। একদিকে সরকারী শিক্ষানীতি, আয়কর ও মূল্য সংযোজন কর আইনে পরিবর্তন, ক্রয়নীতির ব্যাপক পরিবর্তনে মুক্তবাজার ব্যবস্থায় সুবিধাবঞ্চিত হয়েছে কাগজ শিল্প। তথাপিও আমাদের প্রতিযোগী অনেক প্রতিষ্ঠানের বিক্রয় হ্রাস পাওয়া এবং কিছু প্রতিষ্ঠান প্রায় বন্ধ হয়ে যাওয়ার বিপরীতে আমাদের নিরলস প্রচেষ্টার ফলে আমরা আমাদের বিক্রয় বিগত বৎসরের তুলনায় প্রায় শতকরা ৬.৩৭ ভাগ বৃদ্ধি করতে সক্ষম হয়েছি।

বিগত বছরের ন্যায় ২০১৪-২০১৫ অর্থ বছরের জন্য প্রণীত বাজেটে সংবাদপত্রে ব্যবহৃত কাগজের উপর স্বল্পহারে আমদানী শুল্ক আরোপ করায় এবং দেশীয় উৎপাদিত নিউজপ্রিন্ট কাগজে উপর টন প্রতি ১,৫০০.০০ টাকা, রাইটিং প্রিন্টিং কাগজের উপর টন প্রতি ৩৬১৯.৫০ টাকা মূল্য সংযোজন কর আরোপ এবং পূর্বের ন্যায় দেশীয় শিল্প থেকে কাগজ ব্যবহারের কোন বাধ্যবাধকতা না থাকায় আন্তর্জাতিক বাজার হতে তুলনামূলক কম মূল্যে সমজাতীয় কাগজের ব্যাপক আমদানী ও ব্যবহার বৃদ্ধি পেয়েছে যার ফলে দেশীয় কাগজের বাজারে স্থবিরতা বিরাজ করেছে সারা বছর ব্যাপী। উপরন্তু সংশ্লিষ্ট কিছু কাগজ উৎপাদনকারী প্রতিষ্ঠানের ব্যাংক ঋণের দায়ের কারণে সৃষ্ট স্বল্প মেয়াদী তারল্য সংকট ও অপরিকল্পিত ব্যবস্থাপনা বাজারে কাগজের দাম যথাযথ পন্থায় নির্ধারনে প্রতিবন্ধকতা তৈরী করে চাহিদা এবং যোগানের ক্ষেত্রেও অনিয়মিত ধারা লক্ষ্য করা যাচ্ছে। যার সুদূর প্রসারি ক্ষতিকর প্রভাব পড়েছে দেশীয় কাগজ শিল্পে। সম্ভাবনাময় এই শিল্পের রপ্তানীর ক্ষেত্র নির্ধারণ সঠিকভাবে অগ্রসর হওয়া যাচ্ছে না। সর্বোপরি চাহিদার সঙ্গে সংগতি পূর্ণভাবে এই শিল্প সমান্তরালভাবে পথ চলতে পারছেনা।

**পণ্য ভিত্তিক বিক্রয় কার্যক্রমের কিছু তথ্য ও উপাত্ত নিচে উপস্থাপন করা হল ঃ**

আপনাদের কোম্পানী একটি মাত্র প্রোডাক্ট লাইন থেকে বিভিন্ন গ্রেডের এবং বিভিন্ন মাপের পণ্য উৎপাদন করে থাকে।

নিম্নে পণ্য ভিত্তিক উৎপাদন ও বিক্রয়ের অর্জন উল্লেখ করা হল ঃ

| বিবরণ | ২০১৪-২০১৫ | ২০১৩-২০১৪ | ২০১২-২০১৩ |
|---|---|---|---|
| রাইটিং প্রিন্টিং বিক্রয় | ৮৩,৩৭৯,৭৮৫ | - | - |
| ব্রাইট নিউজপ্রিন্ট বিক্রয় | ২১৫,৫০১,৯৮১ | ২৭৫,৫১৮,৬০০ | ১৮৮,৭০৯,০৮১ |
| মিডিয়াম পেপার বিক্রয় | ১,৩৪১,৪৫২ | ৬,৭৩৭,২৫০ | ১১,৯১৭,৮১১ |
| **মোট বিক্রয়** | ৩০০,২২৩,২১৮ | ২৮২,২৫৫,৮৫০ | ২০০,৬২৬,৮৯২ |

আমাদের দৃঢ় বিশ্বাস ২০১৫-১৬ অর্থ বছরে বাজার শক্তিশালী হবে এবং বাজারে আমাদের পণ্যের চাহিদা বৃদ্ধি পাবে এবং পণ্যের অবস্থান আরও সুদৃঢ় হবে।

**৩। ঝুঁকি সমূহ ঃ**

কোম্পানীর সাথে সংশ্লিষ্ট ঝুঁকি সমূহ নিম্নরূপ ঃ

**সামগ্রিক অর্থনীতি ঃ**

সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড কোম্পানীর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ এর দ্বারা কাগজ শিল্প ও শিল্পায়ন প্রভাবিত হয় যা কাগজ বিপণন শিল্পের মূল বাজার।

**বাহ্যিক বিষয়াবলী ঃ**

রাজনৈতিক অস্থিরতা, ধর্মঘট, গণ আন্দোলন ও সন্ত্রাসী কর্মকান্ডের মত বিষয়ের কারণে কোম্পানীর ফলাফল প্রভাবিত হয়।

**আয়কর ও মূল্য সংযোজন কর আইনে পরিবর্তন ঃ**



আয়কর ও মূল্য সংযোজন কর আইনে পরিবর্তন, কর হারের পরিবর্তন, মূল্য সংযোজন কর হারের পরিবর্তন এবং বাণিজ্যিক আইনে আকস্মিক

পরিবর্তনের কারণে কোম্পানীর মুনাফা ও নগদ অর্থ প্রবাহের উপর বিরূপ প্রভাব পড়তে পারে।

**পরিবেশ, স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত আইনে পরিবর্তন ঃ**

আন্তর্জাতিক পরিমন্ডলের সাথে তাল রেখে সরকার বিভিন্ন সময়ে পরিবেশ, স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত আইন ও বিধিতে পরিবর্তন এনে থাকে যার পরিপালন নিশ্চিত করতে কোম্পানীকে অতিরিক্ত বিনিয়োগ ও ব্যয় করতে হতে পারে।

**মুদ্রার বিনিময় হারের পরিবর্তন ঃ**

যেহেতু হাক্কানী পাল্প এন্ড পেপার মিলের কাঁচামাল অধিকাংশই আমদানী নির্ভর, তাই বৈদেশিক মুদ্রার বিনিময় হারের পরিবর্তনের কারণে কোম্পানীর মুনাফা প্রভাবিত হয়।

**অন্যান্য ঝুঁকি ঃ**

অন্যান্য ঝুঁকির মধ্যে যেমন- তারল্য ঝুঁকি, অনাদায়ী দেনা সংক্রান্ত ঝুঁকি, বাজার ব্যবস্থার ঝুঁকি এবং সুদের হারের পরিবর্তন ঝুঁকি অন্যতম যা প্রতিষ্ঠানের মুনাফা অর্জন ক্ষমতাকে প্রভাবিত করতে পারে।

হিসাব বিবরণীর নোট ৩৯.০০ এ এই ব্যাপারে বিস্তারিত আলোচনা রয়েছে।

**ঝুঁকি বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের মূল্যায়ন ঃ**

যদিও বেশির ভাগ ঝুঁকি কোম্পানী বিশেষের আয়ত্বের বাইরে, তথাপি এইরূপ প্রত্যেক ঝুঁকির বিষয়ে হাক্কানী পাল্প এন্ড পেপার মিলস্ লিঃ সর্বদা সর্তক দৃষ্টি রাখে এবং পণ্যের বাজার বহুমুখীকরণ, দক্ষভাবে কাঁচামাল সংগ্রহ, সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার এবং গবেষণা কার্যক্রমে বিনিয়োগের মাধ্যমে এই সকল ঝুঁকির মোকাবেলা ও কোম্পানীর প্রতিযোগিতামূলক অবস্থান অর্জন করে। পরিবেশ বিধিমালার একনিষ্ঠ অনুসারী হিসেবে হাক্কানী পাল্প এন্ড পেপার মিলস্ লিঃ ভাল মানের Effluent Treatment Plant স্থাপন করে পরিবেশগত ঝুঁকি মোকাবেলায় গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে আসছে। বর্তমানে কারখানায় ব্যবহৃত পানির ৮০-১০০ ভাগ পরিশোধন করে পুণরায় ব্যবহার উপযোগী করে তোলার জন্য উন্নতমানের Effluent Treatment Plant স্থাপনের কাজ চলছে, ফলশ্রুতিতে পরিবেশের ক্ষতি রক্ষা করা সম্ভব হবে এবং পরিবেশ নিরাপদ থাকবে।

**৪। বিক্রিত পণ্যের ব্যয়, মোট মুনাফা ও নীট মুনাফার উপর সংক্ষিপ্ত প্রতিবেদন ঃ**

আপনাদের সদয় অবগতির জন্য হাক্কানী পাল্প এন্ড পেপার মিলস্ লিঃ এর বিক্রিত দ্রব্যের ব্যয়, মোট মুনাফা ও নীট মুনাফার উপর কিছু উল্লেখযোগ্য তথ্য ও উপাত্ত সন্নিবেশিত করছি ঃ

| বিবরণ | ২০১৪-২০১৫ | | ২০১৩-২০১৪ | |
|---|---|---|---|---|
| | টাকা | শতকরা হার | টাকা | শতকরা হার |
| বিক্রয় | ৩০০,২২৩,২১৮ | - | ২৮২,২৫৫,৮৫০ | - |
| বিক্রিত পণ্যের ব্যয় | ২৬৬,০২২,১৫৯ | ৮৮.৬১ | ২৫০,০৩২,৯৩৬ | ৮৫.১৭ |
| মোট মুনাফা | ৩৪,২০১,০৫৯ | ১১.৩৯ | ৩২,২২২,৯১৪ | ১১.৪২ |
| নীট মুনাফা | ৮,৫৬০,৮২৬ | ২.৮৫ | ৭,৬৩০,১১৮ | ২.৭০ |

আলোচ্য বছরে বিগত বৎসরের তুলনায় বিক্রয় ১৭,৯৬৭,৩৬৮ টাকা বৃদ্ধি পেয়েছে যা প্রায় ৬.৩৭ শতাংশ। পাশাপাশি নীট মুনাফাও গত বৎসরের তুলনায় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে।

**৫। উৎপাদন ঃ**

সঠিক ও বাস্তবিক পরিকল্পনা প্রণয়ন, দিক নির্দেশনা, তদারকি, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণের মাধ্যমে উৎপাদন প্রক্রিয়ায় গ্যাস এবং বিদ্যুৎ সরবরাহে সমস্যা বিরাজমান থাকা সত্ত্বেও এবং চলমান মেশিনারী সংযোজন, বিয়োজন, রক্ষণাবেক্ষণ কার্যক্রম সচল রেখে উৎপাদনের ধারাকে অব্যাহত রাখার জন্য প্রতিষ্ঠান কাজ করে যাচ্ছে।

উল্লেখ্য যে, উৎপাদনের প্রতিটি স্তরে আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, আভ্যন্তরীণ নিবারণ এবং সমন্বয় ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে। বিক্রয় ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও তদারকি নিবিড় করার লক্ষ্যে ডিজিটাল ওয়েটব্রীজ স্কেল স্থাপন করা হয়েছে। সঠিক মাপে সঠিক সময়ে ক্রেতাদেরকে পণ্য সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে Auto Sheet Cutter Machine সংস্থাপনের কাজ প্রক্রিয়াধীন অবস্থায় আছে।

সঠিক পদ্ধতিতে ও প্রণোদনার মাধ্যমে জনশক্তি, জ্বালানী শক্তি ও কাঁচামালের সঠিক ব্যবহার এবং সর্বোপরি নিবিড় তদারকির মাধ্যমে পণ্যের মান সংরক্ষণ করে উৎপাদন মূল্য যৌক্তিক স্তরে রাখার দিকে কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সর্বদা সচেতন রয়েছে এবং ভবিষ্যতেও এর ধারাবাহিকতা বজায় থাকবে। উৎপাদনের সর্বস্তরে দক্ষতা বৃদ্ধির মাধ্যমে কাঙ্খিত মুনাফা অর্জন আমাদের ভবিষ্যৎ লক্ষ্য।

উৎপাদন পর্যালোচনা ঃ

| বিবরণ | ২০১৪-২০১৫ | ২০১৩-২০১৪ |
|---|---|---|
| উৎপাদন ক্ষমতা (মেট্রিক টন) | ৬০০০ | ৬০০০ |
| প্রকৃত উৎপাদন (মেট্রিক টন) | ৪৩৬০ | ৩৯০৫ |
| উৎপাদন ক্ষমতার ব্যবহার (%) | ৭২.৬৭ | ৬৫.০৯ |
| বিক্রয় (মেট্রিক টন) | ৪৫৬৬.৮৪ | ৪১৪৫.২১ |

চলতি বৎসরে কোম্পানীর উৎপাদন প্রায় ১১.৬৫ শতাংশে বৃদ্ধি পেয়েছে পাশাপাশি উৎপাদন ক্ষমতার ব্যবহার বৃদ্ধি পেয়েছে প্রায় ৭.৫৮ শতাংশ। অন্যদিকে উৎপাদিত পণ্যের বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পেয়েছে প্রায় ১০.১৭ শতাংশ।

**৬। অস্বাভাবিক মুনাফা / ক্ষতি ঃ**

২০১৪-২০১৫ অর্থ বছরে কোম্পানীর কোনরূপ অস্বাভাবিক মুনাফা / ক্ষতি (Extra ordinary gain or loss) ছিল না।

**৭। সংযুক্ত প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট পক্ষের কার্যক্রম ঃ**

চলতি বছরের সংযুক্ত অন্যান্য প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট পক্ষের লেনদেনের বিস্তারিত বিবরণ হিসাব বিবরণীর নোট ৪২.০০ এ বিস্তারিত আলোচনা রয়েছে।

**৮। ত্রৈমাসিক ও বার্ষিক ফলাফলের উল্লেখযোগ্য ব্যবধান ঃ**

কোম্পানীর ত্রৈমাসিক ও বার্ষিক ফলাফলের উল্লেখযোগ্য কোন ব্যবধান হয়নি।

**৯। আর্থিক ফলাফলঃ**

২০১৪-২০১৫ অর্থ বৎসরের বিক্রয় ও অর্জিত মুনাফার চিত্র নিম্নে প্রদর্শিত হল ঃ

| বিবরণ | ২০১৪-২০১৫<br>(টাকায়) | ২০১৩-২০১৪<br>(টাকায়) | ২০১২-২০১৩<br>(টাকায়) |
|---|---|---|---|
| মোট বিক্রয় | ৩০০,২২৩,২১৮ | ২৮২,২৫৫,৮৫০ | ২০০,৬২৬,৮৯২ |
| মোট ব্যয় | ২৯১,১০৮,৪১৬ | ২৬৮,৭৯৬,১১১ | ১৮৬,৪১৩,৭৮৪ |
| **পরিচালন মুনাফা** | **৯,১১৪,৮০৩** | **১৩,৪৫৯,৭৪০** | **১৪,২১৩,১০৮** |
| অন্যান্য আয় | ১,১৫২,০৪৫ | ৬৯৬,৫১২ | ৩,২১৩,২২১ |
| নীট মুনাফা | ৮,৫৬০,৮২৬ | ৭,৬৩০,১১৮ | ৯,৫৯০,৫৯৪ |
| প্রস্তাবিত লভ্যাংশ | ৯,৫০০,০০০ | ৭৩২,২৮০০ | ৯,৫০০,০০০ |
| **অবন্টিত মুনাফা** | **৮,৫৬০,৮২৬** | **৭,৬৩০,১১৮** | **৯,৫৯০,৫৯৪** |

**১০। Independent Director সহ পরিচালকদের পারিশ্রমিক ঃ**

পরিচালক পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থাপনা পরিচালক ব্যতীত অন্যান্য পরিচালককে কোন পারিশ্রমিক প্রদান করা হয় না যা হিসাব বিবরণীর নোট নং-২৮ এ বর্ণিত রয়েছে।

**১১। লভ্যাংশ ঘোষণা ঃ**

২০১৪-২০১৫ অর্থ বৎসরে সামগ্রীকভাবে কাগজের বাজারে স্থবিরতা বিরাজমান ছিল। ক্রমাগত মান উন্নয়ন ও সংরক্ষণ সর্বোপরি নিরবিচ্ছিন্ন সরবরাহ ব্যবস্থা, তদারকি, নিয়ন্ত্রন সত্ত্বেও ২০১৪-২০১৫ অর্থ বৎসরে কাঙ্খিত মুনাফা অর্জন সম্ভব হয়নি। পরিচালকমন্ডলী ৩০শে জুন, ২০১৫ এ সমাপ্ত বৎসরের জন্য ৫% (পাঁচ শতাংশ) নগদ লভ্যাংশের সুপারিশ করেছেন।

**১২। ক্রেডিট রেটিং ঃ**

২০১৪-১৫ অর্থ বৎসরে কোম্পানীর ক্রেডিট রেটিং সম্পন্ন করা হয়। ইমার্জিং ক্রেডিট রেটিং লিঃ নিম্নোক্ত প্রতিবেদন প্রদান করেন।

| Date of Declaration | Valid till | Rating Action | Short term Rating | Out look |
|---|---|---|---|---|
| August 26, 2014 | August 25, 2015 | Surveillance | ECRL-2 | Stable |

**১৩। পরিচালকবৃন্দের নিয়োগ ও পুনঃ নিয়োগ ঃ**

কোম্পানীর আর্টিকেলস্ অব এসোসিয়েশন এর ৮২ ধারা অনুযায়ী পরিচালক মোঃ গোলাম কিবরিয়া এবং জনাব মোঃ গোলাম হায়দার পরিচালক পর্ষদ থেকে অবসর গ্রহণ করেছেন এবং তাঁরা যোগ্য বিধায় পুনঃ নির্বাচনের আবেদন জানিয়েছেন।

**১৪। নতুন চেয়ারম্যান এর নিয়োগ অনুমোদন ঃ**

গত ১৩/০৪/২০১৫ তারিখে কোম্পানীর রেজিঃ কার্যালয় ২/১০ ডি. টি. রোড, উত্তর পাহাড়তলী, চট্টগ্রামে অনুষ্ঠিত পরিচালক পর্ষদের সভায় জনাব মোঃ আব্দুল্লাহ কে পরবর্তী ৫ (পাঁচ) বৎসরের জন্য চেয়ারম্যান নির্বাচন করা হয় যা ১৯তম বার্ষিক সাধারন সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

**১৫। নিরীক্ষক ঃ**

১৯তম বার্ষিক সাধারণ সভায় কোম্পানীর বর্তমান বিধিবদ্ধ নিরীক্ষক মেসার্স শফিক বসাক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস্ অবসর গ্রহণ করবেন এবং বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশ নং BSEC/SMRRCD/2009-193/104/Admin dated July 27, ২০১১ অনুযায়ী মেসার্স শফিক বসাক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস্ আগামী বৎসরের জন্য নিরীক্ষাকার্য সম্পাদনের যোগ্য হওয়ায় তাঁরা পুনরায় নিয়োগ পাওয়ার ইচ্ছা প্রকাশ করেছেন যা পরিচালক পর্ষদের সভায় অনুমোদিত হয়েছে।

**১৬। কর্পোরেট সুশাসন ঃ**

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক নির্দেশিত কর্পোরেট সুশাসনের শর্তগুলো কোম্পানী যথাযথভাবে পরিপালন করছে। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক ইস্যুকৃত প্রজ্ঞাপন নং- বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/১৩৪/এডমিন/৪৪ তারিখ ০৭ আগস্ট, ২০১২ইং এর নির্দেশনানুসারে প্রয়োজনীয় প্রতিবেদন (Corporate Goverance Compliance Report) সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের অবগতির জন্য - সংযুক্তি ১, ২, ৩ ও ৪ এর মাধ্যমে উপস্থাপন করা হয়েছে।

**১৭। সরকারী কোষাগারে অর্থ প্রদান ঃ**

কোম্পানী সর্বদা সরকারী আইনকানুন, নিয়মনীতি সমূহ যথাযথ অনুসরন করছে। জাতীয় কোষাগারে অর্থ প্রদানের ক্ষেত্রে কোম্পানী সচেতন ও যত্নবান। ২০১৩-২০১৪ অর্থ বছরে সরকারী কোষাগারে আর্থিক অবদানের পরিসংখ্যান নিম্নে দেওয়া হলো ঃ

| বিবরণ | ২০১৪-২০১৫ (টাকায়) | ২০১৩-২০১৪ (টাকায়) | ২০১২-২০১৩ (টাকায়) |
|---|---|---|---|
| কর্পোরেট আয়কর বাবদ প্রদান | ৯,৪৬০,১৪৯ | ৮,২৫৯,৯২৮ | ১১,৩৯৩,৯৯১ |
| আমদানী শুল্ক ও মূসক পরিশোধ | ৬,৮৩৮,৭০২ | ৪,২০০,০০০ | ৪,২৪৮,১৬৫ |
| লভ্যাংশের বিপরীতে কর কর্তন বাবদ | ৮৫৫,৭৮৫ | ১,০৩৮,৮৬৫ | ১০,৪২,৯২৭ |
| উৎস কর ও মূসক পরিশোধ | ১,১৪৮,১৪৮ | ১,০৫০,১৫৫ | ১,৯৩৪,৯৪৪ |
| মোট | ১৮,৩০২,৭৮৪ | ১৪,৫৪৮,৯৪৮ | ১৮,৬২০,০২৭ |

**১৮। মানব সম্পদ উন্নয়ন ঃ**

কোম্পানীর কর্মকর্তা কর্মচারীদের সর্বোচ্চ মেধা ও কর্ম ক্ষমতার উন্নয়নে সঠিক পরিচর্যা ও ব্যবহারের উদ্দেশ্যে কর্মকর্তা কর্মচারীদের কাজের ক্ষেত্র, পরিধি, দায়-দায়িত্ব, কর্তব্য ও ক্ষমতা নির্ধারণ পূর্বক সময়ে সময়ে পুণঃ বিন্যাস করার ব্যবস্থা নিয়মিত ভাবে পরিচালিত হচ্ছে। উপরন্তু প্রণোদনার জন্য বিশেষ প্রণোদনা কার্যক্রম ও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ফলশ্রুতিতে সকলের কর্মপ্রেরণা ও দক্ষতা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। কোম্পানীর সামগ্রিক ব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তির ব্যবহার সম্প্রসারণ করে কার্যক্ষেত্রে আনয়ন করা হচ্ছে অধিকতর স্বচ্ছতা, দ্রুততা এবং নিশ্চিত করা হচ্ছে শ্রমশক্তির কাম্য ব্যবহার। কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদের আর্থিক প্রণোদনাসহ সার্বিক উন্নয়নের লক্ষ্যে প্রতি বছর কোম্পানীর নীট মুনাফার ৫% (পাঁচ শতাংশ) শ্রমিক কর্মচারী মুনাফা অংশীদারিত্ব তহবিলে নিয়মিতভাবে প্রদান করা হচ্ছে। প্রতি বছর দক্ষতা, যোগ্যতা, শৃঙ্খলা ইত্যাদির বিবেচনায় নিয়মিত ভাবে পদোন্নতি, বেতন বৃদ্ধিসহ বিশেষ প্রণোদনা বোনাসের মাধ্যমে সকল কর্মকর্তা কর্মচারীদের কর্মের মূল্যায়ন ও দক্ষতার উন্নয়ন সাধন করা হচ্ছে। আভ্যন্তরীণ নিরীক্ষায় প্রয়োজনীয় ট্রেনিং ও সঠিক দিক নির্দেশনার মাধ্যমে কর্মরত সকলের কর্মদক্ষতা বৃদ্ধি করা হচ্ছে এবং ভবিষ্যতে যুগোপযোগী মানব সম্পদ প্রস্তুতের যাবতীয় কার্যক্রম ও চলমান রাখা হয়েছে।

**১৯। পরিবেশ ও নিরাপত্তা ঃ**

কোম্পানীর কারখানার চতুর্দিকে পর্যাপ্ত সুপরিকল্পিত বৃক্ষ রোপনের মাধ্যমে সবুজ বেষ্টনী তৈরী করা হয়েছে এবং বর্জ্য নিঃসরণের যথাযথ ব্যবস্থাও গৃহীত হয়েছে। স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং উত্তরোত্তর তা সম্প্রসারণ করা হচ্ছে। আভ্যন্তরীণ ও বাহ্যিক সংবেদনশীল পরিবেশ অত্যন্ত যত্ন সহকারে রক্ষণাবেক্ষণ করা হয় এবং কারখানায় অবস্থিত সকল সম্পদের যথাযথ নিরাপত্তা ও সুরক্ষার যাবতীয় ব্যবস্থা সুদৃঢ় করা হয়েছে। প্রতি বৎসর প্রয়োজনীয় সকল ক্ষেত্রে প্রাক প্রস্তুতি গ্রহণ, তদারকি ও উন্নয়ন কার্যক্রম ধারাবাহিকভাবে পরিচালিত হচ্ছে। বিগত বৎসরের ন্যায় ২০১৪-২০১৫ অর্থ বৎসরে ও সম্ভাব্য ঝুকি বিবেচনায় কোম্পানীর কাঁচামাল, গোডাউন, গ্যাস জেনারেটরের বীমা করা হয়েছে এবং যথারীতি এসিড, অগ্নিনির্বাপক ব্যবস্থা সংক্রান্ত পরিদর্শন ও তদন্ত প্রতিবেদন গ্রহণ পূর্বক লাইসেন্স নবায়ন করা হয়েছে। কারখানার কাঁচামাল ও তৈরী পণ্যের মজুদাগার, মেশিনারিজসহ স্থাপনা সমুহে অগ্নিনির্বাপক যন্ত্র বৃদ্ধি করা হয়েছে এবং যথারীতি নবায়ন ও রক্ষণাবেক্ষণ করা হচ্ছে। তদুপরি কর্মরত কর্মচারীদের প্রয়োজনীয় যন্ত্র ব্যবহার প্রশিক্ষণও প্রদান করা হয়েছে।

কারখানায় নিঃসারিত প্রাকৃতিক ক্ষতিকর রাসায়নিক নিঃসরণের জন্য ইটিপি স্থাপন সম্পন্ন হয়েছে। কোম্পানীর কারখানায় নিঃসারিত পানি উপযুক্ত রি-সাইক্লিং প্রক্রিয়ায় পুণঃ পুণঃ ব্যবহার পূর্বক ড্রেইনেজ সিস্টেমের মাধ্যমে নিষ্কাশন করা হয় যাতে পরিবেশ কোন ভাবে দূষিত না হয়, কিংবা প্রাকৃতিক পরিবেশে কোন নেতিবাচক প্রভাব না পড়ে। কোম্পানীর কারখানার অভ্যন্তরে স্থাপিত সকল বিপদজনক স্থাপনা সমূহ ও কেমিক্যাল মজুদাগারে যথোপযুক্ত উপায়ে সংরক্ষণ ও সর্তকতা অবলম্বন করা হয়। কোম্পানীর কর্মরত সকল শ্রমিক কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষা ও নিরাপত্তার জন্য প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থাও গ্রহণ করা হয়েছে। কোম্পানীর আভ্যন্তরীণ ও বাহ্যিক সর্বোপরি, পরিবেশগত ক্ষতি এড়ানোর বিষয়ে এই সংক্রান্ত বিধিমালাও যথারীতি অনুসরণ করা হচ্ছে এবং সকল সরকারী নির্দেশনা যথারীতি অনুসরণ করা হচ্ছে। সম্পদের সুরক্ষা ও নিরাপত্তার জন্য পর্যাপ্ত সংখ্যক প্রহরীর মাধ্যমে নিরাপত্তা বেস্টনী রাখা হয়েছে।

**২০। আর্থিক বিবরণীর ব্যাপারে পরিচালকমন্ডলীর দায়িত্ব ঃ**

সিকিউরিটিস এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/১৩৪/এডমিন/৪৪ তারিখঃ ০৭ আগস্ট, ২০১২ইং অনুযায়ী পরিচালকমন্ডলী নিশ্চিত করেছে যে ঃ

(ক) কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণীতে এর কর্মকান্ড, কার্যক্রমের ফলাফল, নগদ প্রবাহ ও ইক্যুইটির পরিবর্তন সম্পর্কে যথার্থ চিত্র উপস্থাপিত হয়েছে,

(খ) কোম্পানীর হিসাবের বহিসমূহ যথাযথ সংরক্ষণ করা হয়েছে,

(গ) আর্থিক বিবরনী প্রস্তুত করার সময় উপযুক্ত হিসাবনীতি সঙ্গতিপূর্ণভাবে প্রয়োগ করা হয়েছে এবং হিসাবের প্রাক্কলন যুক্তিসঙ্গত ও বিজ্ঞ বিচারবোধের ভিত্তিতে করা হয়েছে,

(ঘ) আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করার সময় আন্তর্জাতিক ও বাংলাদেশে গৃহীত হিসাব মানদন্ড অনুসরণ করা হয়েছে এবং তা থেকে যেকোন ব্যত্যয় পর্যাপ্তভাবে প্রকাশ করা হয়েছে,

(ঙ) আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ পদ্ধতি ছিল বলিষ্ঠ এবং তা কার্যকরভাবে বাস্তবায়ন ও মনিটরিং করা হয়েছে,

(চ) চালু প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রম অব্যাহত রাখায় কোম্পানীর সামর্থ্যের ব্যাপারে তেমন কোন দ্বিধা নেই,

(ছ) কোম্পানীর কার্যক্রমের ফলাফলের ক্ষেত্রে বিগত বছরের তুলনায় উল্লেখযোগ্য যেসব ব্যত্যয় রয়েছে সেগুলো বর্ণনা করা হয়েছে এবং তার কারণ ব্যাখ্যা করা হয়েছে, এবং

(জ) কার্যক্রম ও আর্থিক বিষয়ে পাঁচ বৎসরের উপাত্ত সংযোজন করা হয়েছে।

২১। স্বীকৃতি ঃ

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, আর্থিক প্রতিষ্ঠান, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, চট্টগ্রাম স্টক একচেঞ্জ লিঃ, ঢাকা স্টক একচেঞ্জ লিঃ, সেন্ট্রাল ডিপোজিটরী বাংলাদেশ লিঃ, সংশ্লিষ্ট সরকারী সংস্থা, নিরীক্ষক ও সরবরাহকারীসহ সকলের সার্বিক পরামর্শ ও সহযোগীতার জন্য আমরা সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। সাথে সাথে ভবিষ্যতেও তাঁহাদের অনুরূপ সহযোগিতার হাত আমাদের প্রতি প্রশস্ত থাকবে এই কামনা করছি। ২০১৪-১৫ অর্থ বৎসরে কোম্পানীর সার্বিক কার্যক্রমে অংশগ্রহণ করে বিরূপ পরিস্থিতি ও প্রতিকূলতা উত্তরণে যারা সার্বিক ও সর্বাত্মক সহযোগিতা করেছেন, পরিচালকবৃন্দের পক্ষ থেকে সেই সকল কর্মকর্তা কর্মচারীবৃন্দকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি এবং ভবিষ্যতে অনুরূপ আন্তরিকতা, সহযোগিতা অব্যাহত থাকবে এই কামনা করছি। মহান আল্লাহ আমাদের সহায় হউন।

পরিচালকমন্ডলীর পক্ষে,

মোঃ আব্দুল্লাহ
চেয়ারম্যান

চট্টগ্রাম
তারিখ ঃ ৩১ অক্টোবর, ২০১৫ইং